



পত্র নং- বাঃ কাঃ (স্পেশাল ইভেন্টস)/১৭৪৯(৮৭০)/২০২৪

পরিপত্র

বিষয়: ২০২৩ সালে অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের স্বীকৃতি প্রদান।

১। বাংলাদেশ স্কাউটস এর স্পেশাল ইভেন্টস বিভাগ মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের স্বীকৃতি প্রদান এর লক্ষ্যে ২০২৩ সালের এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় অঞ্চলের আওতাধীন জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের নামের তালিকা গুল্য ফরমের মাধ্যমে সংগ্রহের উদ্যোগ গ্রহণ করেছে। নিম্নবর্ণিত লিংক ব্যবহার করে আগামী ২৪ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ, রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট ও রোভার স্কাউটরা তাদের তথ্য সাবমিট করতে পারবে। লিংকটি বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। লিংক: <https://forms.gle/dqLRk8ES4nku4Ta1A>

৩। তথ্য সাবমিট করার সময় আবশ্যিকভাবে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত মার্কসিট ও জন্ম নিবন্ধন সনদ, স্কাউট ইউনিফর্ম পরিহিত পাসপোর্ট সাইজের ছবি ও উপজেলা স্কাউটস সম্পাদক (রোভার, রেলওয়ে, নৌ, এয়ার ও মেট্রো জেলা স্কাউটস এর ক্ষেত্রে জেলা স্কাউটস এর সম্পাদক) এর প্রত্যয়নপত্র আপলোড করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট স্কাউট/রোভার স্কাউট এর সাথে যোগাযোগের জন্য তার পিতা/মাতা/বৈধ অভিভাবক এর মধ্যে যে কোন একজনের মোবাইল নম্বর, প্রাইজম্যানি পাওয়ার জন্য নির্দিষ্ট একটি মোবাইল নম্বর, সনদ ও পুরস্কার পাওয়ার জন্য সুস্পষ্ট ঠিকানা ও ই-মেইলে পত্র যোগাযোগের জন্য একটি সক্রিয় ই-মেইল এড্রেস উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, যোগাযোগের জন্য ও প্রাইজম্যানি প্রাপ্তির জন্য যদি একই মোবাইল নম্বর ব্যবহার করতে হয় তাহলে দুটি অপশনে একই নম্বর পূরণ করতে হবে।

৪। নির্ধারিত সময়ে প্রাপ্ত মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের তালিকার হার্ডকপি জেলা স্কাউটস/জেলা রোভার এর সম্পাদক ও জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক/সহকারি পরিচালক এর স্বাক্ষরসহ অঞ্চলে প্রেরণ করবে এবং আঞ্চলিক স্কাউটস জেলা হতে প্রাপ্ত তালিকায় আঞ্চলিক উপ-কমিশনার (স্পেশাল ইভেন্টস), আঞ্চলিক সম্পাদক ও আঞ্চলিক পরিচালক/উপ-পরিচালক এর স্বাক্ষরসহ আগামী ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণ করবে।

৫। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানকারী মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের তথ্য জাতীয় সদর দফতর কর্তৃক পর্যালোচনা করে স্বীকৃতি প্রদানের জন্য মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের নাম চূড়ান্ত করা হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত তথ্য গ্রহণযোগ্য হবে না।

২০২৩ সালে এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের স্বীকৃতি প্রদান কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করি।

নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ স্কাউটস

সংযুক্তি: প্রত্যয়নপত্রের নমুনা কপি।

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- (১) আঞ্চলিক উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- (২) আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- (৩) আঞ্চলিক পরিচালক/উপ-পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- (৪) উপ-পরিচালক (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস;
- (৫) সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার;
- (৬) উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা।

সদয় জ্ঞাতার্থে :

- (১) প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- (২) জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
- (৩) জাতীয় উপ-কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
- (৪) জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার।

৫
০২/০২
২০২৪
স্বাক্ষর/স্বাক্ষর
আসমেদ নম্বর

R-2600
০২/০২/২৪

০২/০২/২০২৪
(উনু চিহ্ন)

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, স্কাউট/রোভার -----; পিতা:-----;

মাতা:----- ২০২৩ সালের এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় -----

থেকে জিপিএ-৫ প্রাপ্ত হয়ে সাফল্যের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ----- স্কাউট/রোভার

স্কাউট গ্রুপের ----- স্তরের একজন স্কাউট/রোভার স্কাউট। তার বিএসআইডি নং: -----এবং জন্মনিবন্ধন

নম্বর: ----- ।

সে একজন মেধাবী স্কাউট/রোভার স্কাউট হিসেবে স্কাউটিংয়ে -----

অর্জন/অংশগ্রহণ করেছে।

আমি তার সার্বিক উন্নতি ও সফলতা কামনা করি।

(নাম, স্বাক্ষর ও তারিখ)

সম্পাদক,

বাংলাদেশ স্কাউটস, ----- উপজেলা/জেলা/জেলা রোভার।

বিঃদ্র: রোভার, রেলওয়ে, নৌ, এয়ার ও মেট্রো জেলা স্কাউটস এর ক্ষেত্রে জেলা স্কাউটস এর সম্পাদকের প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে।